কালের কণ্ঠ

তারিখ 12 JAN 2015
পৃষ্ঠা ০৬ কলাম ০৭

# ঢাবির ৪৯তম সমাবর্তন কাল

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪৯তম সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামীকাল মঙ্গলবার। বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষাকেন্দ্রে অনুষ্ঠেয় সমাবর্তনে ছয় হাজার ১০৪ জন গ্র্যাজুয়েট অংশ নিচ্ছেন। গতকাল রবিবার এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।

এদিকে বিরাজমান অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতি; ক্যাম্পাসে শান্তিপূর্ণ সহাবস্থানের পরিবেশ না থাকা এবং বিশ্ববিদ্যালয় পরিচালনায় নানা অনিয়মের অভিযোগে সমাবর্তন বর্জনের ঘোষণা দিয়েছেন বিএনপি-জামায়াতপন্থী সাদা দলের শিক্ষকরা। গতকাল সাদা দলের যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. মো. আমিনুর রহমান মজুমদার ও ড. মো. সিরাজুল ইসলাম স্বাক্ষরিত এক বিবৃতিতে এ কথা জানানো হয়।

সমাবর্তনসংক্রান্ত সংবাদ সম্মেলনে জানানো হয়, এ বছর ওয়ার্ল্ড ইন্টেলেকচুয়াল প্রোপার্টি অরগানাইজেশনের (ডাব্লিউআইপিও) মহাপরিচালক ফ্রান্সিস গ্যারি সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। তাঁকে সম্মাননাসূচক ডক্টর অব ল'জ ডিগ্রি দেবে বিশ্ববিদ্যালয়। অস্ট্রেলীয় নাগরিক ফ্রান্সিস গ্যারি পেশায় আইনজীবী। সমাবর্তন উপলক্ষে গতকাল থেকে বিতরণ করা হচ্ছে সমাবর্তন পোশাক। আজ সোমবার বিকেল ৪টা পর্যন্ত এ পোশাক বিতরণ চলবে। এবারের সমাবর্তনে দুই হাজার ৭৩৭ জন ছাত্র ও তিন হাজার ৩৬৭ জন ছাত্রী অংশ নিচ্ছেন। স্বর্ণপদক দেওয়া হচ্ছে ২৯ জনকে।